



খালেদা জিয়ার অবস্থা স্থিতিশীল, গুজবে বিভ্রান্ত না হওয়ার অনুরোধ: ডা. জাহিদ



সংগৃহীত ছবি

বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার শারীরিক অবস্থা বর্তমানে অপরিবর্তিত রয়েছে, তবে তিনি এখনো চিকিৎসা গ্রহণ করতে সক্ষম, জানিয়েছেন তার ব্যক্তিগত চিকিৎসক অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন। তিনি দেশবাসীকে সতর্ক করে বলেছেন, খালেদা জিয়ার সম্পর্কে যে কোনো ধরনের গুজবের দিকে কানে কান না দেওয়ার অনুরোধ রইল।

মঙ্গলবার (২ ডিসেম্বর) দুপুরে রাজধানীর এভারকেয়ার হাসপাতালের সামনে আয়োজিত এক আনুষ্ঠানিক ব্রিফিংয়ে ডা. জাহিদ এ তথ্য জানান। তিনি আরও বলেন, “সবার দোয়ার মাধ্যমে আশা করছি, এই যাত্রা শেষে খালেদা জিয়া সুস্থ হয়ে আমাদের মধ্যে ফিরে আসবেন।”

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান প্রতিনিয়ত খালেদা জিয়ার চিকিৎসা পর্যবেক্ষণ করছেন এবং তার সঠিক স্বাস্থ্য পরিস্থিতির ওপর নজর রাখছেন। বিস্তারিত আসছে...

# LENS ASIA